

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০২৫.২০-০৮

তারিখ: ১২.০১.২০২০ খ্রি:।

বিষয়: চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন পূর্ব কালচু জি. এ দাখিল মাদ্রাসায় নিয়মিত ম্যানেজিং কমিটির সভাপতির প্রতিস্বাক্ষরে মাদ্রাসার বেতন-ভাতাদির বিল উপস্থাপন প্রসঙ্গে।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-১০৩ তারিখ: ১৮.০২.২০১৯ খ্রি:।
(২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কমিটি অনুমোদন পত্র নং-বামাশিবো/প্রশা/২২১১৮১০৩৮-২২১/১২৭৯৯/নথি নং-১৭১ তারিখ: ০৪.০৭.২০১৯ খ্রি:।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-৪১২ তারিখ: ১৮.০৮.২০১৯ খ্রি:।
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-৫৯৭ তারিখ: ১৯.১১.২০১৯ খ্রি:।
(৫) সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: ফারুক হোসাইন খান এর আবেদন তারিখ: ৩১.১২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন পূর্ব কালচু জি. এ দাখিল মাদ্রাসায় নিয়মিত ম্যানেজিং কমিটি থাকা সত্ত্বেও বেতন বিলে নিয়মিত কমিটির সভাপতি হিসেবে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর ব্যতিরেকে মেয়াদ উত্তীর্ণ কমিটির সভাপতির প্রতিস্বাক্ষরে বর্ণিত মাদ্রাসার শিক্ষক/কর্মচারীগণের বেতন-ভাতাদি (এমপিও) পরিশোধ হচ্ছে মর্মে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মর্মমতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বর্ণিত মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: ফারুক হোসাইন খানকে জুলাই/২০১৮ মাস হতে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদানের জন্য নির্দেশনা দেয়া হলেও অদ্যাবধি উক্ত নির্দেশনা বাস্তবায়ন হয়নি মর্মে জানা যায়।

০৩. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মর্মমতে জানা যায় যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক আলোচ্য মাদ্রাসাটির পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি গত ০৪.০৭.২০১৯ খ্রি: তারিখে অনুমোদন করা হয় এবং উক্ত কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুরকে মনোনয়ন দেয়া হয়েছে।


০৪. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, ম্যানেজিং কমিটি অনুমোদনের পরেও মেয়াদ উত্তীর্ণ কমিটির সভাপতি জনাব মো: আবু বকর মিয়াজী এর প্রতিস্বাক্ষরিত বেতন বিলের মাধ্যমে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণের বেতন-ভাতাদি (এমপিও) জনতা ব্যাংক, কচুয়া শাখা, চাঁদপুর কর্তৃক পরিশোধ করা হচ্ছে।

০৫. সূত্রে বর্ণিত ০১ ও ০৪ নং স্মারকের মর্মমতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা থাকা সত্ত্বেও সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: ফারুক হোসাইন খানকে জুলাই/২০১৮ মাস হতে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) চালু না করার কারণ স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক জানা আবশ্যিক।

০৬. যেহেতু বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক বর্ণিত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুরকে মনোনীত করা হয়েছে সেহেতু বর্ণিত মাদ্রাসার বেতন ভাতাদির (এমপিও) বিল স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর হওয়া আবশ্যিক।

০৭. এমতাবস্থায় চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন পূর্ব কালচু জি. এ দাখিল মাদ্রাসায় নিয়মিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরে মাদ্রাসার বেতন-ভাতাদির বিল উপস্থাপন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর।
ও সভাপতি, ম্যানেজিং কমিটি
পূর্ব কালচু জি. এ দাখিল মাদ্রাসা, ডাক: ডুমুরিয়া, উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর।


নাজমীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. ব্যবস্থাপক, জনতা ব্যাংক লি., কচুয়া শাখা, চাঁদপুর।
০৩. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কচুয়া, চাঁদপুর।
০৫. ভারপ্রাপ্ত সুপার, পূর্ব কালচু জি. এ দাখিল মাদ্রাসা, ডাক: ডুমুরিয়া, উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর।
০৬. অফিস কপি/ মাষ্টার কপি।